দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 06 OCT 2017 ...
পৃষ্ঠা ...২০... কলাম ...২...

# ভুয়া সনদে ছয় শিক্ষক নিয়োগ ॥ মাদ্রাসা সুপার গ্রেফতার

**নিজস্ব সংবাদদাতা, নাটোর, ৫ অক্টোবর ॥** ভুয়া সনদ এবং জালিয়াতি করে ৬ শিক্ষককে নিয়োগ দেয়ার অভিযোগে নজরুল ইসলাম নামের এক সুপারকে আটক করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। বৃহস্পতিবার দুপুরে সিংড়া আলহাজ জালাল উদ্দিন কারিগরি উচ্চ বিদ্যালয় থেকে তাকে আটক করা হয়। রাজশাহী দুদক কার্যালয়ের সহকারী পরিচালক রাশেদুল ইসলাম জানান, ২০১৬ সালের ১৫ ফেব্রুয়ারি সিংড়ার আলহাজ জালাল উদ্দিন কারিগরি উচ্চ বিদ্যালয়ে শূন্য পদে ৬ শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। কিন্তু তৎকালীন উপজেলা নির্বাহী কর্মকর্তা আতাউল গণিসহ নিয়োগ বোর্ডের অন্য সদস্যদের স্বাক্ষর জাল করে ভুয়া সনদ এবং জালিয়াতি করে ২০১১ সালের ৩ মার্চ থেকে ওই স্কুলের ৬ জন শিক্ষককে নিয়োগ দেয়া হয়। এতে ২০১৩ সালের জানুয়ারি থেকে চলতি বছরের জুন মাস পর্যন্ত মোট ৪২ লাখ টাকা আত্মসাত করেন তারা। পরে দুদকের অনুসন্ধানে তথ্য বেরিয়ে আসলে আলহাজ জালাল উদ্দিন কারিগরি উচ্চ বিদ্যালয়ে অভিযান চালায় দুদক কর্মকর্তারা।